গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
আনসারী ভবন (৪র্থ তলা) ১৪/২ তোপখানা রোড, ঢাকা-১০০০

**বিষয়: অক্টোবর, ২০১৯ মাসে অনুষ্ঠিত স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী**

সভাপতি : ড. মোঃ শাহাদৎ হোসেন মাহমুদ, মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
তারিখ : ১০/১০/২০১৯ খ্রি.
সময় : সকাল ১০:০০ টা
স্থান : সম্মেলন কক্ষ (কক্ষ নং-৪০৮), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। শুরুতেই তিনি ইনোভেশন কমিটির সভার গুরুত্ব তুলে ধরেন। অতঃপর সভাপতির অনুরোধে ইনোভেশন টিমের সদস্য সচিব ড. লায়লা আখতার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। নির্ধারিত বিষয়াবলীর উপর বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১। | বায়োমেট্রিক মেশিন স্থাপন | সভায় জানা যায় বায়োমেট্রিক মেশিনে কিছু সমস্যা পরিলক্ষিত হচ্ছে, এটি ঠিকমতো কাজ করছেনা। ফলে এটি সংযোজনের সুফল পাওয়া যাচ্ছেনা। | বায়োমেট্রিক মেশিন ঠিক করাতে হবে। উপস্থিতির রিপোর্টে ৫ টি কলাম থাকবে যথা: নাম, আইডি/ক্রমিক, আগমন, প্রস্থান ও অবস্থানকাল। | ফাতেমা জোহরা<br>উপপরিচালক -১ |
| ২। | ওয়েবসাইট উন্নয়ন | সভাপতি ওয়েবসাইটকে সময়োপযোগী ও আধুনিক করার জন্য পুনরায় তাগিদ দেন। | ওয়েবসাইট এর উন্নয়নের কাজ সম্পন্ন করে একটি দৃষ্টিনন্দন ওয়েবসাইট লাইভ-এ উপস্থাপন করতে হবে। | ড. মোঃ নূরুল আমিন<br>উপপরিচালক-৩ |
| ৩। | স্বাস্থ্য অর্থনীতি ইউনিট এর লোগো সম্বলিত ক্রেস্ট ও কোট-পিন প্রস্তুতকরণ | ক্রেস্ট ও কোট-পিন এর সংরক্ষণের হিসাব যথাযথভাবে পর্যবেক্ষণ করতে সভাপতি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুরোধ জানান। | ক্রেস্ট ও কোট-পিন এর হিসেব যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। মজুদ সমাপ্তির আগে অবগত করতে হবে এবং আরো উন্নত মানের ক্রেস্ট ও কোট-পিন প্রস্তুত করতে হবে। | ড. লায়লা আখতার<br>উপপরিচালক -৪<br>ও<br>ড. মোঃ নূরুল আমিন<br>উপপরিচালক-৩ |
| ৪। | সাইনবোর্ড তৈরী ও দৃশ্যমান স্থানে স্থাপন | সভাকে অবহিত করা হয় যে বড় ০২ টি সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন করা হয়েছে। স্থাপিত সাইনবোর্ড দৃশ্যমান হওয়ায় অফিসের পরিচিতি বেড়েছে মর্মে সভাপতি সন্তোষ প্রকাশ করেন। | সাইনবোর্ড দুটি নিয়মিতভাবে পর্যবেক্ষণ ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এ ওয়াই এম জিয়াউদ্দিন আল মামুন<br>পরিচালক (গ./প্র.)<br>ও<br>ফাতেমা জোহরা<br>উপপরিচালক -১ |
| ৫। | Fire extinguisher | Fire extinguisher চালনার বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করার জন্য সভায় বিষদ আলোচনা করা হয়। | অগ্নি-নির্বাপনের বিষয়ে যথাযথ কতৃপক্ষের সাথে যোগাযোগক্রমে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ফাতেমা জোহরা<br>উপপরিচালক -১ |
| ৬। | ভিডিও ক্যামেরা ক্রয় | ভিডিও কনফারেন্সিং এর জন্য একটি ভালো মানের ভিডিও ক্যামেরা ক্রয়ের প্রয়োজনীয়তা গুরুত্বের সাথে আলোচিত হয়। | এসডি কার্ড ব্যবহারের সুবিধাসম্বলিত উচ্চক্ষমতা সম্পন্ন একটি আধুনিক ভিডিও ক্যামেরা ক্রয়ের জন্য অনতিবিলম্বে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এ ওয়াই এম জিয়াউদ্দিন আল মামুন<br>পরিচালক (গ./প্র.)<br>ও<br>ফাতেমা জোহরা<br>উপপরিচালক -১ |
| ৭। | ই-ফাইলিং | ই-ফাইলিং বাস্তবায়নের কাজ শুরু হওয়ায় | অনতিবিলম্বে অপ্রয়োজনীয় নথি, | ই-ফাইলিং বাস্তবায়ন |

২২০

| | | | | |
|---|---|---|---|---|
| | বাস্তবায়ন | সভাপতি সকলকে ধন্যবাদ জানান। অপ্রয়োজনীয় নথি, প্রতিবেদন, প্রকাশনা ইত্যাদি বিনষ্ট করার বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রতিবেদন, প্রকাশনা ইত্যাদির তালিকা প্রস্তুতপূর্বক যথানিয়মে বিনষ্ট করার ব্যবস্থা করতে হবে। | ক[illegible]<br>সকল কর্মকর্তা |
| ৮। | কনফারেন্স টেবিলের মাঝে কৃত্রিম ফুল স্থাপন | সভায় জানা যায়, কনফারেন্স টেবিলের মধ্যখানে মাল্টিকালারের কৃত্রিম ফুল দিয়ে ভরাট করা হয়েছে। | কাজটি সম্পন্ন হওয়ায় সভাপতি সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। এবং কনফারেন্স রুমের মানসম্মত সাজসজ্জাকরণের এ ধারা অব্যাহত রাখতে হবে। | এ ওয়াই এম জিয়াউদ্দিন আল মামুন<br>পরিচালক (গ./প্র.)<br>ও<br>ড. লায়লা আখতার<br>উপপরিচালক-৪ |
| ৯। | প্রশিক্ষণ/কর্মশালা অনুষ্ঠানের সার-সংক্ষেপ/রিপোর্ট (Summary/ Report) | সভায় স্বাস্থ্য অর্থনীতি ইউনিট এর অর্থায়নে অনুষ্ঠিত প্রতিটি প্রশিক্ষণ/কর্মশালার সার-সংক্ষেপ/রিপোর্ট তৈরী করে জমা প্রদানের জন্য আবারও অনুরোধ করা হয়। সভাপতি ডকুমেন্টেশনের গুরুত্ব উদাহরন সহ ব্যাখ্যা প্রদান করেন। | প্রশিক্ষণ/কর্মশালা আয়োজনকারী কম্পোনেন্টকে প্রতিটি প্রশিক্ষণ/কর্মশালার সার সংক্ষেপ/রিপোর্ট তৈরী করে ডকুমেন্টেশনের জন্য ও ওয়েবসাইটে প্রকাশের জন্য জমা প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ১০। | ল্যাপটপ | সভাপতি পুরাতন ল্যাপটপগুলোর কার্যকারিতা পরীক্ষাপূর্বক সকল ল্যাপটপ এর বিষয়ে প্রতিবেদন অবিলম্বে প্রদান করতে সংশ্লিষ্ট কমিটিকে অনুরোধ জানান। | ল্যাপটপের অবস্থা ও কার্যকারিতার বিষয়ে প্রতিবেদন প্রাপ্তির পর চাহিদার ভিত্তিতে বিতরণ ও প্রয়োজনীয় সুরক্ষা প্রদান করতে হবে। | এ ওয়াই এম জিয়াউদ্দিন আল মামুন<br>পরিচালক (গ./প্র.)<br>ও<br>সংশ্লিষ্ট কমিটি |
| ১১। | আইডি কার্ড | স্বাস্থ্য অর্থনীতি ইউনিট এর পুরনো আইডি কার্ড পরিবর্তন করে সচিবালয়ের অনুকরণে নতুন আইডি কার্ড প্রস্তুত করতে সভায় সদস্যগণ একমত প্রকাশ করেন। | স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের কর্মকর্তা/কর্মাচারীদের জন্য সচিবালয়ের কার্ডের আদলে আইডি কার্ড প্রস্তুত করতে হবে। | ড. মোঃ নূরুল আমিন<br>উপপরিচালক-৩<br>ও<br>ফাতেমা জোহরা<br>উপপরিচালক -১ |
| ১২। | প্রমিত বাংলা ব্যবহার | "প্রমিত বাংলা ব্যবহার" বিষয়ে প্রশিক্ষণের উদ্দোগ গ্রহণ করায় এবং সংশ্লিষ্ট বই ও প্রয়োজনীয় অভিধান কর্মকর্তাদের মাঝে বিতরণ করায় সভাপতি সন্তোষ প্রকাশ করেন। | প্রয়োজনীয় বই ক্রয় অব্যাহত রাখতে হবে। | মোঃ সাইদুর রহমান খান (সি.স.প্র)<br>ও<br>ড. মোঃ নূরুল আমিন<br>উপপরিচালক-৩ |
| ১৩। | লাইব্রেরী স্থাপন | স্বাস্থ্য অর্থনীতি ইউনিট এর লাইব্রেরী প্রস্তুতের জন্য বিএনএইচ এর পরিত্যক্ত কক্ষটি নির্বাচনের বিষয়ে সকলে একমত পোষণ করেন। | লাইব্রেরীর প্রয়োজনীয় বুকশেল্ফ স্থাপন করে কক্ষটিকে ব্যবহার উপযোগী করতে হবে। প্রয়োজনীয় ও জনগুরুত্বপূর্ণ বই ক্রয় করে সংরক্ষণ করতে হবে। | মোঃ সাইদুর রহমান খান (সি.স.প্র)<br>ও<br>ড. মোঃ নূরুল আমিন<br>উপপরিচালক-৩ |
| ১৪। | নতুন উদ্ভাবনী ধারণা আহ্বান | সভাপতি বলেন, উদ্ভাবন একটি চলমান প্রক্রিয়া। যে যেখানে নতুন উদ্ভাবনী ধারনা পাবেন/প্রত্যক্ষ করবেন সেটি রেপ্লিকেশনের জন্য অবশ্যই শেয়ার করবেন। | প্রত্যেকেই নতুন নতুন উদ্ভাবনী প্রস্তাবনা দাখিলে তৎপর হবেন। মন্ত্রণালয়ের উদ্ভাবনী ধারনাসমূহ সংগ্রহ করে সেগুলো থেকে এই অফিসের জন্য উপযোগী ধারনাসমূহ বাছাই করে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এ ওয়াই এম জিয়াউদ্দিন আল মামুন<br>পরিচালক (গ./প্র.)<br>ও<br>ড. লায়লা আখতার<br>উপপরিচালক-৪ |
| ১৫। | বিবিধ | এ ওয়াই এম জিয়াউদ্দিন আল মামুন পরিচালক (গবেষণা) বাথরুম/টয়লেট মেরামত/সংস্কার করার প্রস্তাব করেন। প্রয়োজন। তিনি বলেন, একটি ওজুখানা তৈরী করা যেতে পারে এবং টয়লেটের সামনের জায়গাটুকু দৃষ্টিনন্দন করা যেতে | সভাপতি সম্মতি প্রকাশ করেন এবং এ কাজের জন্য পরিচালক (গ./প্র.), উপপ্রধান ও সিনিয়র সহকারী প্রধান, জিএনএসপি ইউনিট, সমন্বয়ে একটি কমিটি গঠন করেন। বাজেটের সাথে সঙ্গতি রেখে কমিটিকে আর্থিক প্রাক্কলন | গঠিত কমিটি |

২২৭

| | | | | |
|---|---|---|---|---|
| | | পারে। | দিতে বলেন। | |
| | | ফাতেমা জোহরা, উপপরিচালক মাসিক সমন্বয় সভায় ব্যবহারের জন্য স্থায়ী ব্যানার তৈরী করার প্রস্তাব দেন। | সভাপতি প্রস্তাবটি অনুমোদন করেন। | ফাতেমা জোহর উপপরিচালক -১ |
| | | ডাঃ আনোয়ার সাদাত বিভিন্ন ওয়েবসাইটে subscription fee দিয়ে বাৎসরিক ভিত্তিতে রিসার্চ ডকুমেন্ট ডাউনলোড করার প্রস্তাব প্রদান করেন। | সুপ্রতিষ্ঠিত প্রতিষ্ঠানের রিসার্চ ডকুমেন্ট ডাউনলোড করার জন্য কী পরিমান অর্থের প্রয়োজন হতে পারে এবং তা দাপ্তরিক কোনো বাজেট হতে সংস্থান করা যায় কিনা তা পরীক্ষা-নিরীক্ষা করে দেখতে হবে। | ডাঃ আনোয়ার সাদাত ফোকাল পার্সন, বিএনএইচএ ও সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা |

পরিশেষে আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
(ড. মোঃ শাহাদৎ হোসেন মাহমুদ)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ও
সভাপতি

স্মারক নম্বর: ৪৫.০৫.০০০০.০০৮.৩৯.০০১.১৯.২১ তারিখ: ২০/১০/২০১৯ খ্রি:

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন) ও ইনোভেশন অফিসার, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. উপপ্রধান (যুগ্ম সচিব), জিএনএসপি ইউনিট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৩. পরিচালক (গবেষণা)/পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৪. উপসচিব, প্রশাসন-৪ (মনিটরিংও সমন্বয় অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সহকারী প্রধান, জিএনএসপি ইউনিট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৬. উপপরিচালক-১/২/৩, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম।
৭. সংযুক্ত কর্মকর্তা (সকল), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম। ।

Lakhter
২০/১০/১৯
(ড. লায়লা আখতার)
উপপরিচালক-৪ (উপসচিব)
ফোনঃ ৯৫৭০৬৪১
ইমেইল: lailadls@yahoo.com